**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ / ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।**

**এস.আর.ও. নং-১৮০-আইন/২০২২/১৯৩-মূসক ।-** মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule এর কলাম (1) এর শিরোনামা সংখ্যা (Heading No.) 87.03 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) 8703.90.11 এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত ফোর স্ট্রোক থ্রি-হুইলারকে, অতঃপর পণ্য বলিয়া উল্লিখিত, এর স্থানীয় উৎপাদন পর্যায়ে ৫ (পাঁচ) শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর এবং উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ ও খুচরা যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর (আগাম করসহ) ও সম্পূরক শুল্ক (যদি থাকে) হইতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**শর্তাবলি:**

(ক) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ হইতে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উৎপাদক হিসাবে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;

(খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ হইতে পণ্য উৎপাদনের মেকার'স কোড (Maker's Code) এবং টাইপ অনুমোদন (type approval) গ্রহণ করিতে হইবে;

(গ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের স্থানীয়ভাবে সংগৃহীত বা আমদানিকৃত চেসিসের ক্ষুদ্র অংশ বা অংশবিশেষ দ্বারা চেসিস এবং স্থানীয়ভাবে সংগৃহীত বা আমদানিকৃত ক্ষুদ্র অংশ বা অংশবিশেষ দ্বারা এক বা একাধিক গুরুত্বপূর্ণ পার্টস যথাক্রমে, রিয়ারবডি, শকঅবজারবার, মাফলার উৎপাদনের সক্ষমতা থাকিতে হইবে এবং সে লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি উহার কারখানা প্রাঙ্গনে স্থাপিত থাকিতে হইবে;

(ঘ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব মেশিনারী, যেমন-Robotic chassis welding line and body welding line, Sealent dispensing machine, Tranpalet fixtures line, Pretreatment & CED coating plant, Liquid painting plant, ETP Plant, Motorized slat and I Beam conveyor line, Pneumatic tools & Torque wrench, Bearing press

Machine, Number punching machine, Oil dispensing machine, Engine firing test bench, chassis dynamometer, 7 Axes coordinate Measuring Machine থাকিতে হইবে;

(ঙ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে সম্পূর্ণ বিযুক্ত অবস্থায় ইঞ্জিনের বিভিন্ন যন্ত্রাংশ সংযোজনপূর্বক পূর্ণাঙ্গ ইঞ্জিন সংযোজন করিবার পৃথক অ্যাসেম্বলি লাইন থাকিতে হইবে;

(চ) পরিবেশ বান্ধব গাড়ী উৎপাদনের লক্ষ্যে ন্যূনতম Euro 3 emission Standard অনুসরণ করিতে হইবে এবং সে লক্ষ্যে ব্র্যান্ড ম্যানুফ্যাকচারার এর প্রত্যয়ন থাকিতে হইবে;

(ছ) উক্ত উৎপাদনকারী প্রতিষ্ঠানে এ্যাসেম্বলি সেকশন, টেস্টিং, কোয়ালিটি কন্ট্রোল ও প্রি-ডেলিভারী ইন্সপেকশন এর ব্যবস্থা থাকিতে হইবে এবং সে লক্ষ্যে প্রয়োজনীয় মেশিনারীজ থাকিতে হইবে;

(জ) যথাযথ কাস্টমার সেবা প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধীনে বিক্রয়, খুচরা যন্ত্রাংশ ও বিক্রয়োত্তর সেবা প্রদানের ব্যবস্থা থাকিতে হইবে;

(ঝ) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে **'পরিশিষ্ট-ক'** মোতাবেক বিভাগীয় কর্মকর্তার নিকট মূল্য সংযোজনের স্বপক্ষে একটি ঘোষণা দাখিল করিতে হইবে এবং উক্ত ঘোষণার ভিত্তিতে কমপক্ষে ৩০ (ত্রিশ) শতাংশ মূল্য সংযোজন করিতে হইবে; এবং

(ঞ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে যে কোনো সময় কর্মরত জনবলের অন্যূন ২৫০ (দুইশত পঞ্চাশ) জন বাংলাদেশি হইতে হইবে।

২। এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অনুচ্ছেদ ১ এ উল্লিখিত শর্তাবলি পরিপালন করিতে হইবে এবং তদনুযায়ী প্রজ্ঞাপনে বর্ণিত উৎপাদন কার্যক্রম সম্পন্ন হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক আনুষঙ্গিক দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ডের নিকট আবেদন দাখিল করিতে হইবে।

৩। অনুচ্ছেদ ২ এর অধীন আবেদন প্রাপ্তির পর জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নিম্নরূপ একটি কমিটি গঠিত হইবে, যথা:-

(ক) দ্বিতীয় সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা;

(খ) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা;

(গ) বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট) এর একজন যথোপযুক্ত প্রতিনিধি; এবং

(ঘ) সংশ্লিষ্ট মূসক সার্কেল এর রাজস্ব কর্মকর্তা।

৪। অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত কমিটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরিদর্শন ও দাখিলকৃত দলিলাদি পর্যালোচনাপূর্বক উহার পরিদর্শন প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিবে।

৫। অনুচ্ছেদ ৪ এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর জাতীয় রাজস্ব বোর্ড প্রতিবেদন বিবেচনাপূর্বক এই প্রজ্ঞাপনের শর্তাবলি যথাযথভাবে প্রতিপালিত হইয়াছে মর্মে সন্তুষ্ট হইলে উক্তরূপ প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অনুচ্ছেদ ১ এ উল্লিখিত অব্যাহতি প্রদান করিতে পারিবে।

৬। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, কোনো উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে।

৭। কোনো পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান অনুচ্ছেদ ৬ এর বিধানাবলি পরিপালন করিতে ব্যর্থ হইলে উক্তরূপ অব্যাহতি প্রাপ্য হইবে না।

৮। অনুচ্ছেদ ৫ এর অধীন অব্যাহতি প্রাপ্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলি যথাযথভাবে পরিপালন করিতেছে কিনা উহা সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনার নিয়মিত যাচাই বা অনুসন্ধান করিবেন।

৯। অনুচ্ছেদ ৮ এর অধীন মূল্য সংযোজন কর কমিশনার কর্তৃক যাচাইকালে যদি তাহার নিকট প্রতীয়মান হয় যে, উক্ত প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনের কোনো শর্ত লঙ্ঘন করিতেছে, তাহা হইলে উহার বিরুদ্ধে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও Customs Act, 1969 এর বিধান অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাইবে এবং বোর্ড মূল্য সংযোজন কর অব্যাহতির সুবিধা বাতিল করিতে পারিবে।

১০। এই প্রজ্ঞাপন ০৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে এবং ৩০ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

## পরিশিষ্ট-ক

১। করদাতার নাম:
২। ঠিকানা:
৩। ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা:
৪। ঘোষণার তারিখ :

| ক্রমিক সংখ্যা | পণ্যের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (HS Code) | উৎপাদিত পণ্যের নাম ও বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে ব্র্যান্ড নেম সহ) | সরবরাহ /বিক্রয়ের একক | পণ্য উৎপাদনে ব্যবহার্য উপকরণ/ কাঁচামাল এবং প্যাকিং সামগ্রীর নাম ও বিবরণ | একক পণ্য উৎপাদনে ব্যবহার্য অপচয়সহ উপকরণ/কাঁচামাল ও প্যাকিং সামগ্রীর পরিমাণ (অপচয়ের পরিমাণ প্রথম বন্ধনীর মধ্যে আলাদাভাবে উল্লেখ করিতে হইবে) | কলাম (৬) এ বর্ণিত উপকরণ বা প্যাকিং সামগ্রীর মূল্য (আমদানিকৃত হলে শুল্কায়নযোগ্য মূল্য+শুল্ক+ সম্পূরক শুল্ক+এলসি ফি+ অবকাঠামো উন্নয়ন সারচার্জ/ স্থানীয় উৎপাদিত হইলে সম্পূরক শুল্কসহ মোট ক্রয়মূল্য (প্রদত্ত মূসক ব্যতীত)/আবগারি পণ্য হইলে আবগারি শুল্কসহ মোট মূল্য/ মূসক অব্যাহতিপ্রাপ্ত হইলে মোট ক্রয়মূল্য) | মূল্য সংযোজনের খাত/ আইটেমের নাম | প্রতি একক পণ্য মূল্যে কলাম (৮) এ উল্লিখিত প্রতিটি আইটেম বা খাতের অবদান/মূল্য সংযোজনের পরিমাণ | সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য (যদি বিবেচ্য পণ্যের উৎপাদন পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য থাকে) [কলাম (৭) ও (৯) এর যোগফল] | | কলাম (১১) এ প্রস্তাবিত মূল্যের উপর সম্পূরক শুল্কের পরিমাণ | মূসক আরোপযোগ্য মূল্য [কলাম (১১)+ কলাম (১২)] [বি:দ্র: যেক্ষেত্রে স্থানীয় পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য নয় সেক্ষেত্রে [কলাম (৭)+(৯)] | | শুল্ক ও করসহ বিক্রয়মূল্য | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | বর্তমান | প্রস্তাবিত | | বর্তমান | প্রস্তাবিত | পাইকারী | মুদ্রিত খুচরা মূল্য (যদি থাকে) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) | (১৪) | (১৫) | (১৬) |
| | | | | | | | | | | | | | | | |

১। উক্ত টেবিলে প্রদত্ত তথ্যের সমর্থনে প্রমাণিক দলিলাদি এই ঘোষণাপত্রের সহিত সংযুক্ত করা হইয়াছে।
২। আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, এই প্রজ্ঞাপনে বর্ণিত অব্যাহতি সুবিধা গ্রহণকল্পে প্রদত্ত সকল তথ্য যথার্থ ও সত্য এবং ইহা নির্ধারণের অনুকূলে সকল দলিলাদি আমার এখাতিয়ারে রহিয়াছে।
৩। মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত কোনো তদন্তে উল্লিখিত ঘোষণা অসংগতিপূর্ণ বা অসত্য প্রতীয়মান হওয়ার ক্ষেত্রে বোর্ড অব্যাহতি সুবিধা বাতিল করিতে পারিবে ও প্রযোজ্য কর পরিশোধযোগ্য হইবে।

তারিখ: **নিবন্ধিত ব্যক্তি/ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও সিল**

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**(আবু হেনা মোঃ রহমাতুল মুনিম)**
**সিনিয়র সচিব**